# উপজেলা পরিবেশ ও বন স্থায়ী কমিটির সেপ্টেম্বর/২০২৫ খ্রিঃ মাসের সভার কার্যবিবরণী:

সভাপতি ঃ মোঃ কামরুজ্জামান সরকার
উপজেলা নির্বাহী অফিসার
খানসামা,দিনাজপুর।
তারিখ ঃ ১৮/০৯/২০২৫ খ্রিঃ।
সময় ঃ সকাল ১১:০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, খানসামা, দিনাজপুর।

আলোচ্য বিষয়ঃ
(১) ঝড়েপড়া গাছপালা টেন্ডারে দেয়া প্রসঙ্গে।
(২) নার্সারী প্রসঙ্গে।
(৩) বিবিধ।

**সভায় উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষরঃ**

| ক্র:নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোঃ কামরুজ্জামান সরকার, উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর। | সভাপতি | |
| ০২ | চেয়ারম্যান, ১নং আলোকঝাড়ী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর। | সদস্য | |
| ০৩ | চেয়ারম্যান, ৩নং আঙ্গারপাড়া ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর। | সদস্য | |
| ০৪ | চেয়ারম্যান, ৬নং গোয়ালডিহি ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর। | সদস্য | |
| ০৫ | জনাব মোঃ আলাউদ্দিন, প্রতিনিধি, ভাই ভাই নার্সারী, জাহাঙ্গীরপুর, খানসামা, দিনাজপুর। | সদস্য (কো-অপ্ট) | |
| ০৬ | জনাব মিলন কুমার সর্দার, বেসরকারি সংস্থার প্রতিনিধি, আরডিআরএস | সদস্য (কো-অপ্ট) | milan |
| ০৭ | এস.এম মঞ্জুরুল কাদের, উপজেলা বন কর্মকর্তা, খানসামা-SFPC, খানসামা, দিনাজপুর। | সদস্য সচিব | |

অদ্যকার সভায় সভাপতি জনাব মোঃ কামরুজ্জামান সরকার, উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর সকলকে স্বাগত জানিয়ে সভায় কাজ শুরু করেন। সভার শুরুতে এস.এম মঞ্জুরুল কাদের, উপজেলা বন কর্মকর্তা, খানসামা এস,এফ,পি,সি গত জুলাই/২০২৫ খ্রিঃ মাসের উপজেলা পরিবেশ ও বন স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী ও সংযোজনী না থাকায় তা অনুমোদন করা হলো।

সদস্য সচিব ১নং আলোচ্য বিষয়ের আলোকে সামাজিক বনায়নের আওতায় খানসামা উপজেলার ২০১০-২০১১ অর্থ বছরে সৃজিত তাঁতীপাড়া মোড় থেকে নরবলী পর্যন্ত ০৫.০০ সিঃকিঃমিঃ সংযোগ সড়ক স্ট্রীপ বাগানের কিছু গাছপালা বিভিন্ন সময় ঝড়ে পড়ে গিয়েছিল, যাহা খানসামা এস,এফ,পি,সি, ( অফিস হেফাজতে) রাখা আছে। উক্ত ঝঃপঃ গাছগুলি পরবর্তী টেন্ডারে দেয়ার জন্য মার্কিং তালিকা ও মূল্যানুমান নির্ধারণ পূর্বক বিভাগীয় বন কর্মকর্তার দপ্তরে প্রেরণ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিভিন্ন সনের সৃজিত বাগানগুলি ভালো আছে।

সদস্য সচিব ২নং আলোচ্য বিষয়ের আলোকে উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত ০.৭৫ একর পরিমাণ নার্সারী কেন্দ্রের বিষয়ে সভায় উপস্থাপন করেন যে, দীর্ঘদিন যাবৎ নার্সারীর ঘেড়া বেড়া থেকে শুরু করে কোন রকমের মেরামত ও মাটি ভরাটের কাজ কর্ম হয় নাই। অল্প বৃষ্টিতেই পানি জমা এবং ঘেড়া বেড়ার অভাবে নার্সারীতে চারা উত্তোলনের ব্যাঘাত ঘটে। তাই সভাপতির সদয় দৃষ্টি আকর্ষণ করে নার্সারী কেন্দ্রের ঘেড়া বেড়া ও মাটি ভরাটের বিষয়টি বিবেচনা করিয়া চারা উত্তোলনের পথ সুগম করিতে বিষয়টি নিয়ে সভায় আলোচনা হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা বন কর্মকর্তা, ও সদস্য সচিব, উপজেলা পরিবেশ ও বন স্থায়ী কমিটি, খানসামা, দিনাজপুর।

সভায় আর কোন আলোচন্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮/০৯/২৫

(মোঃ কামরুজ্জামান সরকার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি উপজেলা পরিবেশ ও বন স্থায়ী কমিটি
খানসামা, দিনাজপুর।

পত্র নং- ১৭/খান-২৮(৭) তারিখঃ- ১৮/০৯/২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ
(১) উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর।
(২) উপজেলা................................/কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।
(৩) চেয়ারম্যান..............................ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর।
(৪) অফিস নথি।

উপজেলা বন কর্মকর্তা
খানসামা এস,এফ,পি,সি
ও
সদস্য সচিব
উপজেলা পরিবেশ ও বন স্থায়ী কমিটি
খানসামা, দিনাজপুর।